দৈনিক ইত্তেফাক
তারিখ ...07 MAR 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

02

৬৩

# শিক্ষাখাতে বিশ্বব্যাংকের বরাদ্দ দ্বিগুণ করার অঙ্গীকার

জমতিয়েন (থাইল্যাণ্ড) হইতে রয়টার জানায়, বিশ্বব্যাংক গতকাল (মঙ্গলবার) উন্নয়নশীল দেশগুলির শিক্ষাখাতে উহার ঋণদানের পরিমাণ দ্বিগুণ করার অঙ্গীকার করিয়াছে। ইহার পূর্বে তৃতীয় বিশ্বের দেশসমূহ শিক্ষাখাতের অর্থ অন্যখাতে প্রবাহের

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## শিক্ষা খাতে

( ১ম পৃঃ পর )

জন্য বিশ্বব্যাংকের বিরুদ্ধে অভিযোগ আনে।

বিশ্বব্যাংক এবং জাতিসংঘের তিনটি সংগঠনের উদ্যোগে থাই সৈকত নিবাস জমতিয়েনে পাঁচ-দিনের যে সম্মেলন গত সোমবার শুরু হইয়াছে, উহাতে বিশ্বব্যাংকের সভাপতি বারবার কোনাবল গতকাল বলেন, উন্নয়নের চাবিকাঠি শিক্ষা। শিক্ষা ছাড়া কোন জাতি অর্থনৈতিক উন্নয়ন এবং দারিদ্র্যের বিকল্প আশা করিতে পারে না। বারবার কোনাবল বলেন, এখন এই ঋণের পরিমাণ হইবে বার্ষিক দেড়শত কোটি ডলার। বিশ্বব্যাংক বিশেষতঃ নারী শিক্ষার উপর গুরুত্ব আরোপ করিয়া নীতি কাঠামো প্রণয়নে এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষায় বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচীতে দেশগুলিকে সাহায্য করিবে।

বাসস জানায়, শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম শিক্ষাখাতে সহযোগিতা বৃদ্ধির জন্য বিশ্বব্যাংককে ধন্যবাদ জানাইয়াছেন।